

মিষ্টিভোগ
সংসদ
২০০২

তারিখ ২.৭.০৬.২০০২
পৃষ্ঠা ১

ভোয়ের কাগজ

চাটখিল কলেজ ছাত্রসংসদ নির্বাচন স্থগিত ও কলেজ বন্ধ ঘোষণা বিএনপি অফিসে ছাত্রদল কর্মীদের হামলা

চাটখিল প্রতিনিধি : চাটখিল কলেজ ছাত্র সংসদ নির্বাচন স্থগিত ও কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করার প্রতিবাদে ছাত্রদলের বিক্ষুব্ধ কর্মীরা গত শুক্রবার স্থানীয় বিএনপি অফিসে হামলা চাটিয়ে আসবাবপত্র ভাঙচুর করে। তারা এক ঘণ্টা ধরে রাস্তাও অবরোধ করে রাখে।

অন্যদিকে ছাত্রদল ও ছাত্রলীগ নির্বাচন স্থগিত ও কলেজ বন্ধ ঘোষণার জন্য বিএনপির একটি মহলকে দায়ী করে নির্ধারিত তারিখে নির্বাচন অনুষ্ঠান ও অবিলম্বে কলেজ খোলার দাবি জানিয়েছে। তারা উপজেলা সমন্বয়ে মিছিল সমাবেশ করেছে। শিবিরও গত শুক্রবার বিকালে উপজেলা শুল্লুর বিক্ষোভ মিছিল বের করে। মিছিল শেষে শিবির চাটখিল হ্রেশক্রাবে এক সংবাদ সম্মেলনের আয়োজন করে। সম্মেলনে শিবিরের নোয়াখালী জেলা সভাপতি বলেন, অভ্যন্তরীণ কোন্দলের কারণে নির্বাচনে ছাত্রদলের ডেরাডুবার কথা চিন্তা করে সরকারি দলের একটি বিশেষ মহল প্রভাব খাটিয়ে কলেজ কর্তৃপক্ষকে দিয়ে নির্বাচন স্থগিত ও কলেজ বন্ধ ঘোষণা করিয়েছে।

জানা যায়, দীর্ঘ ৫ বছর পর আগামী ৩০ অক্টোবর চাটখিল কলেজ ছাত্রসংসদ নির্বাচনের তারিখ নির্ধারণ করা হয়। গত ২১ অক্টোবর তিনটি ছাত্র সংগঠনই মনোনয়নপত্র দাখিল করে। গত শুক্রবার সকালে কলেজ কর্তৃপক্ষ নির্বাচন স্থগিত ও অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করে।

এদিকে ছাত্রদল কর্মীদের বিএনপি অফিস ভাঙচুরের ঘটনায় চাটখিলে চরম উত্তেজনা বিরাজ করছে। পুলিশ বিএনপি অফিস পাহাড়া দিচ্ছে।